# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৮০

১/ বিবিধ

আরবী

إذا أتى علي يوم لم أزدد فيه خيرا فلا بورك لي فيه
موضوع

رواه ابن عدي وابن حبان في " الضعفاء " (1 / 335) من طريق سليمان بن بشار عن سفيان عن الزهري عن سعيد عن عائشة مرفوعا
وهذا سند موضوع، قال الذهبي
سليمان بن بشار متهم بوضع الحديث، قال ابن حبان: يضع على الأثبات ما لا يحصى. ووهاه ابن عدي ثم سرد له من الواهيات عدة أحاديث هذا منها
قلت: ثم رجعت إلى ابن عدي في " كامله " فرأيته ذكر الحديث في ترجمة ابن بشار هذا (2 / 161) معلقا عنه عن ابن عيينة عن بقية عن الحكم بن عبد الله الأيلي عن الزهري به، مثل لفظ الحديث الذي قبله، فتبين أن بين سفيان والزهري بقية والحكم، وهو كذاب، وهو الذي في سند الحديث الذي قبله، فمدار الحديثين على هذا الكذاب غير أن في طريق هذا كذابا آخر! على أنه قد قيل: إن الحكم بن عبد الله الأيلي هو غير الحكم بن عبد الله الحمصي، ورجحه الحافظ، فإن ثبت ذلك فالطريق مختلفة، لكن النتيجة واحدة فإن الأيلي هذا كذاب أيضا! فراجع " اللسان

বাংলা

৩৮০। যদি আমার নিকট এমন কোন দিন আসে যে দিনে কল্যাণময় কিছু বৃদ্ধি করতে পারলাম না, তাহলে তাতে

আমাকে বরকত দেয়া হলো না।

হাদীসটি জাল।

এটি ইবনু আদী ও ইবনু হিব্বান "আয-যুয়াফা" গ্রন্থে (১/৩৩৫) সুলায়মান ইবনু বাশশার সূত্রে সুফিয়ান হতে ... বর্ণনা করেছেন। এটির সনদটি জাল।

যাহাবী বলেনঃ সুলায়মান ইবনু বাশশার হাদীস জাল করার দোষে দোষী। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরশীলদের উদ্ধৃতিতে অগণিত হাদীস জাল করেছেন। তাকে ইবনু আদী খুবই দুর্বল আখ্যা দিয়েছেন। অতঃপর তার কতিপয় ওয়াহিয়াত (নিতান্তই দুর্বল হাদীস) উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি।

ইবনু আদী সুলায়মান ইবনু বাশশারের জীবনীতে মুয়াল্লাক হিসাবে এ হাদীসটি (২/১৬১) উল্লেখ করেছেন। যার সনদে হাকাম ইবনু আবদিল্লাহ আয়লী রয়েছেন। এ হাকামই পূর্বের হাদীসের হাকাম এবং তিনি মিথ্যুক। বলা হয়েছে যে, তিনি অন্য হাকাম, হিমসী নন। অন্য হাকাম হলেও এ আয়লীও মিথ্যুক, যেমনভাবে "লিসানুল মীযান" গ্রন্থে বলা হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67965

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন